



অর্থায়িত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারী ৫, ১৯৯০

৮ম খণ্ড—বেসরকারী ব্যান্ড এবং কর্পোরেশন কর্তৃক অর্ধের বিনিময়ে জারীকৃত
বিজ্ঞাপন ও নোটিশসমূহ।

ময়না বহুমুখী সেতু কর্তৃপক্ষ
প্রজ্ঞাপন

চাকা, ২৪শে কার্ডিক, ১৩৯৬/৮ই নভেম্বর, ১৯৮৯

নং এস, আর, ও ৩৭৪-আইন/৮৯—Jamuna Multipurpose Bridge Authority Ordinance, 1985 (XXXIV of 1985) এর Section 24 এ প্রদত্ত ক্ষমতাবলৈ Jamuna Multipurpose Bridge Authority, সরকারের প্রেরণ অনুমতিক্রমে নিম্নরূপ প্রতিধানমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

প্রথম অধ্যায়

সচলন

১। সংজ্ঞাও ও প্রযোগ।—(১) এই প্রতিধানমালা যমনা বহুমুখী সেতু অধিবিক্রিতির
কর্মচারী চাকুরী প্রতিধানমালা, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

(২) এই প্রতিধানমালা যমনা বহুমুখী সেতু অধিবিক্রিতির সকল সার্কিণিক কর্মচারীর প্রতি
প্রযোজ্য হইবে, তবে সরকার ইহাতে প্রেষণে নিরোজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই প্রতিধানমালার
নিবন্ধনীয় অধ্যায়ের বিধানাবলী ব্যতীত অন্যান্য বিধানাবলীর কোন কিছু প্রযোজ্য বিলো তাহাদের
চাকুরীর শর্তে স্পষ্টভাবে উক্ত অন্যান্য বিধানাবলী প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই প্রতিধানমালায়,—

(ক) “অসদাচরণ” বিলতে চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হার্নিকর, অথবা কোন কর্মচারী
বা ভদ্রজনের পক্ষে শোভনাই নয় এমন, আচরণকে ব্যাইবে, এবং নিম্নবর্ণিত
আচরণসমূহ ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা:—

- (১) উত্থান কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ;
- (২) কর্তব্যে অবহেলা;

- (৩) কোন আইমসগত কারণ বাতিলেকে অথরিটির কোন আদেশ, পরিপন্থ অথবা নির্দেশাবলীর প্রতি অবজ্ঞা;
- (৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার-বিবেচনাহীন, বিরুদ্ধিকর, মিথ্যা বা অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশকরণ;
- (৫) "অথরিটি" বলিতে Jamuna Multipurpose Bridge Authority Ordinance, 1985 (XXXIV of 1985) এর অধীন প্রতিষ্ঠিত Jamuna Multipurpose Bridge Authority কে বুঝাইবে;
- (৬) 'উপর্যুক্ত কর্তৃপক্ষ' বলিতে এই প্রবিধানমালার অধীন কোন নির্দিষ্ট কার্ব নিষ্পত্তির জন্য উপর্যুক্ত কর্তৃপক্ষ হিসাবে যমনা বহুমুখী সেতু কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে;
- (৭) "কর্তৃপক্ষ" বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্তৃপক্ষও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (৮) "কর্মকর্তা" বলিতে অথরিটির কোন কর্মকর্তাকে বুঝাইবে;
- (৯) "কর্মচারী" বলিতে অথরিটির স্থায়ী বা অস্থায়ী যে কোন কর্মচারীকে বুঝাইবে এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (১০) "তফসিল" বলিতে এই প্রবিধানমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;
- (১১) "ডিপ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" বলিতে ক্ষেত্রমত স্বীকৃত বিশ্বাবিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনসিটিউট বা স্বীকৃত বোর্ড দ্বর্তক প্রদত্ত ডিপ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগাতা নির্দেশক সার্টিফিকেটকে বুঝাইবে;
- (১২) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে অথরিটিকে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদে ত্রুটিমূলের জন্য অথরিটি কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (১৩) "পদ" বলিতে তফসিলে উল্লেখিত কোন পদকে বুঝাইবে;
- (১৪) "পলায়ন" বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্মসূল তাগ করা, অথবা মাট দিন বা তদ্ব্যৰ্থ সময় যাবত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতার অনুমোদিত মেয়াদের পর ষাট দিন বা তদ্ব্যৰ্থ সময় পুনঃ অনুমতি গ্রহণ বাতিলেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশত্যাগ এবং ত্রিশদিন বা তদ্ব্যৰ্থ সময় বিদেশে অবস্থান করা অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ষাট দিন বা তদ্ব্যৰ্থ সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে;
- (১৫) "প্রয়োজনীয় যোগাতা" বলিতে কোন পদের বিপরীতে উল্লেখিত যোগাতাকে বুঝাইবে;
- (১৬) "বাছাই কর্মিটি" প্রবিধান-৪ এর অধীন গঠিত কোন বাছাই কর্মিটিকে বুঝাইবে;

- (চ) "স্বীকৃত ইনিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বলিতে, এই প্রিভানমালার উদ্দেশ্য প্ররূপকল্পে অথরিটি কর্তৃক স্বীকৃত কোন ইনিটিউট বা প্রতিষ্ঠানকে ব্যবাহীবে ;
- (ন) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের স্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে ব্যবাহীবে এবং এই প্রিভানমালার উদ্দেশ্য প্ররূপকল্পে অথরিটি কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (ত) "স্বীকৃত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের স্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে ব্যবাহীবে এবং এই প্রিভানমালার উদ্দেশ্য প্ররূপকল্পে অথরিটি কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

শিবতীয় অধ্যায়

নিয়োগ

৩। নিয়োগ পদ্ধতি।— (১) এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে কোন পদে নির্ধারিত পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথা:—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;
 (খ) পদোন্নতির মাধ্যমে ;
 (গ) প্রেরণে।

(২) কোন পদের জন্য কোন বাস্তুল প্রয়োজনীয় যোগাতা না থাকলে এবং সরাসরি নিয়োগের ফলে, তাহার বয়স উক্ত পদের তফসিলে নির্ধারিত বয়সসীমার মধ্যে না হইলে, তাহাকে উক্ত পদে নিয়োগ দান হইবে না :—

তবে শর্ত থাকে যে কোন বিশেষ শ্রেণির প্রাপ্তির ফলে, সরকারী আদেশ দোতাবেক উক্ত বয়সসীমা শিথিলযোগ্য হইবে।

৪। বাছাই কর্মসূচি।— কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে অথরিটি এক বা একাধিক বাছাই কর্মসূচি নিয়োগ করিবে।

৫। সরাসরি নিয়োগ।— (১) কোন বাস্তুল কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবরিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা
 (খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন বাস্তুকে বিবাহ করিয়া থাকেন বা "বিবাহ করিবার জন্য প্রতিশ্রূতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন পদে সরাসরিভাবে নিয়োগ দান যাইবে না, যে পর্যন্ত না—

- (ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত বাস্তুকে অথরিটি কর্তৃক এতদ্দেশ্যে নিয়ুক্ত চিকিৎসা-পর্যবেক্ষণ বা চিকিৎসা কর্মকর্তা তাহাকে স্বাস্থাপ্তভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপযুক্ত বলিয়া প্রত্যয়ন করেন ;
 (খ) এইরূপ নির্বাচিত বাস্তুর প্রবৰ্ত্ত কার্যকলাপ ব্যবায়োগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হবে এবং দেখা যাব যে, অথরিটির চাকুরীতে নিয়োগ-লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সকল পদ উচ্চস্তু বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহবন করিয়া প্ররূপ করা হইবে এবং এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশ্যবলী অন্মরণ করিতে হইবে।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদ্দেশো অথরিটি কর্তৃক নিয়ুক্ত বাছাই কমিটির স্পৃহিতে ডিজিতে নিয়োগদান করা হইবে।

৬। শিক্ষান্বিসি।—(১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত বাস্তিগণ ৬ (ছয়) মাসের জন্য শিক্ষান্বিসি থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া যে কোন বাস্তির ক্ষেত্রে উচ্চ মেয়াদ অন্ধাৎ ছয় মাসের জন্য বাস্থি করিতে পারিবেন।

(২) কোন বাস্তিক কোন পদ স্থানী করা হইবে না, যদি না তিনি সম্ভায়জনকভাবে শিক্ষান্বিসি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং অথরিটি কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) শালগ করিয়া থাকেন।

৭। পদেমতির মাধ্যমে নিয়োগ।—(১) প্রাবিধান ১৫-এর বিধান সাপেক্ষে কোন পদে পদেমতির মাধ্যমে নিয়োগ দেওয়া ক্ষমতা, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক এতদ্দেশো বাছাইকৃত প্রাথমিকের তালিকা বিবেচনাক্রমে নিয়োগদান করিবেন।

(২) কোন বাস্তির চাকুরীর ব্যৱস্থা (Service Record) সম্ভায়জনক না হইলে, তিনি পদেমতির মাধ্যমে কোন পদে নিয়োগের ঘোষ বলিয়া বিবেচিত হইবেন না।

৮। প্রেষণে নিয়োগ।—তফসিলের বিধানবলী সাপেক্ষে কোন পদে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন উপর্যুক্ত কর্মচারীকে, অথরিটি এবং সরকার বা ক্ষেত্রমত, সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের পরিদপ্তরের মধ্যে সিদ্ধান্তকৃত শর্তাধীনে, নিয়োগ করিতে পারিবে।

তৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তাবলী

৯। যোগদানের সময়।—(১) এক চাকুরীসহল তৈরীতে অন্য চাকুরীসহলে বদলীর ক্ষেত্রে একই পদে বা কোন নতুন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথাঃ—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন; এবং

(খ) উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অন্যোদিত প্রথায় ত্রুটি প্রক তপক্ষে অতিবাহিত সময়ঃ

তবে শর্ত থাকে যে এই উপ-প্রবিধান অন্যায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এ যাহা কিছি ই থাকক না কেন যে ক্ষেত্রে বদলীর ফাল বদলীক ত কর্মচারীক তালির নতুন কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে বাসমন্দান পরিবর্তন করিত তর না সেক্ষেত্রে ন তন কর্মস্থলে যোগদানের জন্য এক দিনের বেশী সময় দেওয়া হইবে না, এবং এই উপ-প্রবিধানের উদ্দেশ্যে প্ররূপকলেপ সাধারণ ছুটির দিনকেও উচ্চ যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে, উপর্যুক্ত কর্তৃপক্ষ উপ-প্রিধান (১) ও (২) এর অধীন প্রাপ্ত যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৪) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য বদলী হইলে, অথবা চাকুরীসহল পরিবর্তন করিতে হয় এমন কোন ন্যূন পদে নিয়োগ প্রাপ্ত হইলে তাহার প্রাতন চাকুরীসহল হইতে, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন সেই স্থান হইতে, যাহা উক্ত কর্মচারীর জন্য অধিকতর স্ব-বিবাজনক হয়, তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরী স্থল হইতে অন্য চাকুরীসহলে বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অন্তর্ভুক্তীকালীন সময়ে, মের্টিকেল সার্টিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ করিলে তাহার দায়িত্বভাব হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পর্যন্ত যে সময় অতিবাহিত হয় তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কর্মসহল হইতে অন্য কর্মসহলে বদলীর বাপারে কোন বিশেষ ক্ষেত্রে এই প্রিধানের বিধানবদলী অপর্যাপ্ত প্রতীয়মান হইলে সেই ক্ষেত্রে সরকারী কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধি বা তাইন প্রযোজনীয় অভিযোগনসহ প্রযোজ্য হইবে।

১০। বেতন ও ভাতা।— সরকার বিভিন্ন সময়ে যেৱেপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেৱপ হইবে।

১১। প্রারম্ভিক বেতন।— (১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্ষমের সর্বনিম্ন স্তরই হইব তাহার প্রারম্ভিক বেতন।

(২) কোন বাস্তিকে তাহার বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ, সংশ্লিষ্ট বাছাই কমিটিৰ স পারিশৰ ভিত্তিকে, উচ্চতৰ প্রারম্ভিক বেতন পদান কৰা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবদলী জারী কৰে তদন্তসারে অর্থাত্তিৰ কর্মচারীদের বেতন সংরক্ষণ কৰা যাইতে পারে।

১২। পদোন্নতিৰ ক্ষেত্রে বেতন।— কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান কৰা হইলে, সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্ষমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে, তবে উক্ত সর্বনিম্ন স্তরে আপেক্ষা তাহার প্রাতন পদে প্রাপ্ত মূল বেতন উচ্চতৰ হইলে, উচ্চতৰ পদের জন্য নির্ধারিত বেতনক্ষমের যে স্তরটি তাহার প্রাতন পদের মূল বেতনের অবাবহিত উপরের স্তর হয় সেই স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১৩। বেতন বর্ধন।— (১) বেতন বর্ধন স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত হৱে প্রতোক কর্মচারীৰ বেতন বর্ধিত হইবে।

(২) বেতন বর্ধন স্থগিত রাখা হইলে, উহা ব্যাপার পর্যন্ত স্থগিত রাখা হয় স্থগিতকাৰী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট আদেশে, সেই মেয়াদ উল্লেখ কৰিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাৱে শিক্ষানবিসিকাল সমাপ্ত না কৰিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য অর্থাত্তি কোন কর্মচারীকে একসংগে অনধিক দ্বাইটি বিশেষ বেতন বর্ধন মঞ্জুৰ কৰিতে পারিবে।

(৫) যে ক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা-সীমা নির্ধারিত রহিয়াছে, সেক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন সহিত করিবার জন্য দক্ষতাসম্পন্ন উপব্যুক্ত কর্তৃপক্ষের সূনির্দিষ্ট মন্তব্যী বাতৌত তাহার দক্ষতা-সীমার অবাবহিত উপরের বেতন বর্ধন অনুমোদন করা যাইবে না; এইরূপ মন্তব্যীর ক্ষেত্রে এই মর্মে প্রতিবেদনকারী কর্মকর্তার সুপোরিশ থাকিতে ইইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজক্রম দক্ষতা-সীমা অতিক্রম করার জন্য উপব্যুক্ত ছিল।

১৪। জ্যোষ্ঠতা।—(১) এই প্রিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যোষ্ঠতা সেই পদে তাহার যোগাদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট বাছাই করিটি কর্তৃক প্রস্তুতকর্ত মেধা-তালিকা ভিত্তিক সুপোরিশ-অনুসারে উক্ত কর্মচারীদের পারস্পরিক জ্যোষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত বাস্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত বাস্তিগণ জ্যোষ্ঠ হইবেন।

(৪) একাধিক বাস্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হইলে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে তাহাদের পারস্পরিক জ্যোষ্ঠতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জ্যোষ্ঠতা স্থির করা হইবে।

(৫) অর্থরিটি ইহার কর্মচারীদের প্রেড-ওয়ার্ণ জ্যোষ্ঠতা তালিকা রাখণাবেক্ষণ করিবে এবং সময় সময় তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

(৬) The Government Servants (Seniority of Freedom Fighters) Rules, 1979 এর বিধানসভাহ উহাতে প্রয়োজনীয় অভিযোজনসহ অর্থরিটির কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৫। পদোন্নতি।—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবলমাত্র জ্যোষ্ঠতার কারণে কোন বাস্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবী করিতে পারিবেন না।

(৩) কোন কর্মচারীর চাকুরীর ব্যাপ্তি সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৪) টাকা ৩৭০০—৪৮২৫ ও তদ্বৰ্তী বেতনক্রমের পদসম্মত পদোন্নতি মেধা-তথ্য-জ্যোষ্ঠতার ভিত্তিতে হইবে।

(৫) কোন কর্মচারীকে, বাতিক্রমী ক্ষেত্র হিসাবে তাহার অসাধারণ কার্যত কর্তৃবানিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে, পালা অতিক্রম করতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

১৬। প্রেষণ ও প্রবর্চন।—(১) উপ-প্রিধান (২) এর বিধান সাপেক্ষে অর্থরিটি যদি মনে করে যে, উহার কোন কর্মচারীর পারদর্শিতা বা তৎকর্তৃক গহীত বিশেব পুরুষদল অন্য কোন সংস্থা অতিপূর্ব হাওলাত গ্রহণকারী সংস্থা বলিয়া উচিলখিত, এর জন্য প্রয়োজনীয়, তাত্ত্ব হইলে অর্থরিটি এবং হাওলাত গ্রহণকারী সংস্থার পরিষপ্তের গ্রান্থ সম্মত মেয়াদে এ শর্তাধীনে উক্ত সংস্থার কোন পদে প্রেষণে কর্মরত থাকিবার জন্য উক্ত কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে।

তবে শর্ত ধারক ক্ষেত্রে কোন কর্মচারীকে তাত্ত্ব সম্মতি বাতিতরেকে প্রেষণে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা অধরিটির কোন কর্মচারীর চাকুরীর আবশ্যিকতা রইয়াছে বলিয়া বোধ করিলে তাহা অধরিটিকে জানাইবে এবং অধরিটি উক্ত কর্মচারীর সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উচ্জিতিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেবণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রাবিধান(২) তে যাহা কিছুই থাকুক না কেন, প্রেবণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমগ্র অন্তভুক্ত থাকিবে, যথা:—

(ক) প্রেবণের সময়কাল, ব্যতিক্রমী ফেরত ছাড়া, তিনি বৎসরের অধিক হইবে না;

(খ) অধরিটির চাকুরীতে উক্ত কর্মচারীর প্ৰস্তুত থাকিবে এবং প্রেবণের মেয়াদ অন্তে, অথবা উক্ত মেয়াদের পূৰ্বে ইহার অবসান ঘটিলে, তিনি অধরিটিতে প্রত্যাবৰ্তন করিবেন;

(গ) হাওলাত গ্রহণকারী সংস্থা তাহার ভৱিষ্যৎ তহবিল ও পেনশন, যদি থাকে, বাবদ প্রাপ্ত অর্থ পরিশোধের নিষ্ঠয়তা বিধান করিবে।

(৪) কোন কর্মচারী প্রেবণে থাকাকালে, তিনি অধরিটিতে পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে, তাহার পদোন্নতির বিষয়টি অন্যান্যদের সংগে একত্র বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কাৰ্য্যকৰ কৰিবার জন্য তাহাকে অধরিটিতে প্রত্যাবৰ্তন কৰাইতে হইবে।

(৫) কোন কর্মচারী প্রেবণে থাকাকালে তাহার পদোন্নতি কাৰ্য্যকৰ কৰার উদ্দেশ্যে অধরিটি তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি ব্যথাসময়ে ফেরত না আসেন, তাহা হইলে উপ-প্রাবিধান (৬) এৰ বিধান সাপেক্ষে, পদোন্নতি প্রদত্ত পদে তাহার জোষ্টতা উক্ত পদে তাহার প্রকৃত যোগদানের তাৰিখ হইতে গণনা কৰা হইবে।

(৬) যদি কোন কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থার স্বার্থে^১ প্রেবণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে, প্রেবণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে এবং এইরূপ ফেরে, কোন আর্থিক সংবিধা ছাড়াই next below rule অন্যান্য পদোন্নতি প্রদত্ত পদে তাহার জোষ্টতা রক্ষা কৰা হইবে, তবে এইরূপ পদোন্নতিপ্রাপ্ত কর্মচারী হাওলাত গ্রহণকারী সংস্থায় প্রেবণে থাকাকালে পদোন্নতিজনিত কোন আর্থিক সংবিধা পাইবেন কিনা তাহা অধরিটি ও উক্ত সংস্থার পরম্পরারের সম্মতিৰূপ স্থিৰীকৃত হইবে।

(৭) শৃঙ্খলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেবণে কাৰ্য্যত কর্মচারীর বিৱৰণ্য শৃঙ্খলামূলক কাৰ্য্যকৰ সূচনা কৰার উদ্দেশ্যে কৰ্তৃপক্ষের ক্ষমতা প্ৰয়োগ কৰিতে পারিবেনঃ

তবে শৰ্ত থাকে যে, যে অবস্থার পরিপ্ৰেক্ষিতে শৃঙ্খলামূলক কাৰ্য্যকৰ সূচনা কৰা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা অধরিটিকে অবিলম্বে অবহিত কৰিবে।

(৮) প্রেবণে কাৰ্য্যত কোন কর্মচারীর বিৱৰণ্য সংচিত শৃঙ্খলামূলক কাৰ্য্যধাৰাৰ প্রাপ্ত তথোৱা ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ কৰে যে, তাহার উপর কোন স্বত্ত্ব আয়োপ কৰা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকড সমূহ অধরিটিৰ নিকট প্ৰেৰণ কৰিবে এবং অতঃপৰ অধরিটি বেইরূপ প্ৰয়োজন বলিবা মনে কৰে সেইরূপ আদেশ প্ৰদান কৰিবে।

চূর্ণ অধ্যায়

ছুটি, ইত্যাদি

১৭। বিভিন্ন প্রকারের ছুটি।— (১) কর্মচারীগণ নিম্নবর্ণিত যে কোন ধরণের ছুটি পাইবেন, যথা:—

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ-বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগরোধ ছুটি;
- (চ) প্রস্তুত ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি; এবং
- (জ) নৈমিত্তিক ছুটি।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যতীত অন্যাবিধ ছুটি মঞ্চুর করিতে পারে এবং ইহা সাধারণ বন্ধের দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩) অর্থরিটির প্র্ব অনুমোদন লইয়া উপযুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্চুর করিতে পারে।

১৮। পূর্ণ বেতনে ছুটি।— (১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্য এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন অর্জিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবে একাট পৃথক খা.ত জমা দেখানো হইবে ; ডাঙ্কারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে, অথবা বাংলাদেশের বাহিরে ধর্মীয় সফর, অধ্যয়ন, বা অবকাশ ও চিন্ত-বিনোদনের জন্য, উক্ত জমাকৃত ছুটি হইতে পূর্ণ বেতনে ছুটি মঞ্চুর করা যাইতে পারে।

১৯। অর্ধ-বেতনে ছুটি।— (১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে অর্ধ-বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপে জমা হওয়ার কোনসীমা ধারিবে না।

(২) ডাঙ্কারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, অর্ধ-বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে একদিনের পূর্ণ-বেতনে ছুটির হারে অর্ধ-বেতনে ছুটিকে পূর্ণ-বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে এবং এইরূপে রূপান্তরিত ছুটির সর্বোচ্চ পরিমাণ হইবে গড় বেতনে বার মাস।

২০। প্রাপ্যত্বান্বীন ছুটি।— (১) ডাঙ্কারী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত, এবং অন্য কোন কারণে হইলে, তিন মাস পর্যন্ত, অর্ধ-বেতনে প্রাপ্যত্বান্বীন ছুটি মঞ্চুর করা যাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছৃষ্টি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্যতাৰ্থীন ছৃষ্টি ভোগ কৰিয়া যুক্তিৰয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছৃষ্টিৰ সমান ছৃষ্টি পাইবাৰ অধিকাৰী না হওয়া পৰ্যন্ত ন্তৰন্তভাৱে উপ-প্ৰবিধান (১) এৰ অধীন কোন ছৃষ্টি পাইবাৰ অধিকাৰী হইবেন না।

২১। বিনাবেতনে অসাধারণ ছৃষ্টি।— (১) যখন কোন কর্মচারীৰ অন্য কোন ছৃষ্টি পাওনা না থাকে বা অন্য প্ৰকাৰ কোন ছৃষ্টি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচাৰী লিখিতভাৱে বিনাবেতনে অসাধারণ ছৃষ্টিৰ জন্য আবেদন কৰেন, তখন তাহাকে বিনাবেতনে অসাধারণ ছৃষ্টি মঙ্গুৱ কৰা যাইতে পাৰে।

(২) বিনাবেতনে অসাধারণ ছৃষ্টিৰ মেয়াদ একবাৰে তিন মাসেৰ অধিক হইবে না, তবে নিম্নৰ্বাণ্শত ক্ষেত্ৰে উক্ত ছৃষ্টিৰ মেয়াদ বৰ্ধিত কৰা যাইতে পাৰে, যথা:—

(ক) যে ক্ষেত্ৰে সংশ্লিষ্ট কর্মচাৰী এই শতে^১ বিদেশে প্ৰশিক্ষণ প্ৰাপ্তিৰ অন্তৰ্ভুক্তিপ্ৰাপ্ত হন যে, উক্ত প্ৰশিক্ষণ প্ৰাপ্তিৰ পৰে পাঁচ বৎসৱেৰ জন্য তিনি অধিৱিটিতে চাকুৱী কৰিবেন; অথবা

(খ) যে ক্ষেত্ৰে সংশ্লিষ্ট কর্মচাৰী চীকুকসাধীন থাকেন; অথবা

(গ) যে ক্ষেত্ৰে উপব্ৰূত্তকৰ্ত্তপক্ষ এই মৰ্মে সন্তুষ্ট হয় যে, উক্ত কর্মচাৰী তাহার নিয়ন্ত্ৰণ বৰ্হিত্ত কাৰণে কৰ্তব্যো বোগাদন কৰিতে অসম্ভৰ্ত।

(৩) উপব্ৰূত্ত কৃত্পক্ষ কোন কর্মচাৰীৰ বিনা ছৃষ্টিতে অনুপৰ্যুক্তিৰ সময়কে ভৃতাপেক্ষ কাৰ্যকৰিতাসহ বিনাবেতনে অসাধারণ ছৃষ্টিতে গ্ৰাহণতাৰিত কৰিতে পাৱেন।

২২। বিশেষ অক্ষমতাজনিত ছৃষ্টি।— (১) কোন কর্মচাৰীৰ তাহার ব্যথাবৎ কৰ্তব্য পালনকালে বা উহা পালনেৰ পৰিপৰাততে অথবা তাহার পদে অধিস্থিত থাকিবাৰ কাৰণে আঘাৎপ্ৰোপ্ত হইয়া অক্ষম হইলে, উপব্ৰূত্ত কৃত্পক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছৃষ্টি মঙ্গুৱ কৰিতে পাৰে।

(২) যে অক্ষমতাৰ কাৰণে বিশেষ অক্ষমতাজনিত ছৃষ্টি চাওয়া হয় সেই অক্ষমতা তিন মাসেৰ মধ্যে প্ৰকাশ না পাইলে, এবং যে ব্যাক্তি অক্ষম হন, সেই ব্যাক্তি উক্ত অক্ষমতাৰ কাৰণ অৱিলম্বে উপব্ৰূত্ত কৃত্পক্ষকে অবহিত না কৰিলে, বিশেষ অক্ষমতাজনিত ছৃষ্টি মঙ্গুৱ কৰা হইবে না।

(৩) যে মেয়াদেৰ জন্য বিশেষ অক্ষমতাজনিত ছৃষ্টি প্ৰয়োজনীয় বলিয়া এতদ্বিদ্যো নিষ্পত্তি চিকিৎসা কৃত্পক্ষ প্ৰত্যয়ন কৰিবে সেই মেয়াদেৰ জন্য উক্ত ছৃষ্টি মঙ্গুৱ কৰা হইবে; এবং চিকিৎসা কৃত্পক্ষেৰ প্ৰত্যয়ন ব্যাতিৱেকে তাহা বৰ্ধিত কৰা হইবে না; এবং এইৱেপ ছৃষ্টি কোনোৰূপেই ২৪ মাসেৰ অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছৃষ্টি অন্য যে কোন ছৃষ্টিৰ সংগে সংযুক্ত কৰা যাইতে পাৰে।

(৫) যদি একই ধৰনেৰ অবস্থাৰ পৱিত্ৰীকালে কোন সময় অক্ষমতা বৰ্ধিত পায় বা উহার প্ৰনৱাৰ্ত্তি ঘটে, তাহা হইলে একাধিকবাৰ বিশেষ অক্ষমতাজনিত ছৃষ্টি মঙ্গুৱ কৰা যাইবে, তবে এইৱেপ একাধিকবাৰে মঙ্গুৱকৃত ছৃষ্টিৰ পৱিত্ৰণ ২৪ মাসেৰ অধিক হইবে না; এবং এইৱেপ ছৃষ্টি যে কোন একটি অক্ষমতাৰ কাৰণেও মঙ্গুৱ কৰা যাইবে।

(৬) শাখমাত্ আনন্দোৰ্ধবেকৰ এবং যে ক্ষেত্ৰে অবসৱ ভাতা প্ৰাপ্ত হয় সে ক্ষেত্ৰে ভাতাৰ ব্যাপারে চাকুৱী হিসাব কৰিবাৰ সময় বিশেষ অক্ষমতাজনিত ছৃষ্টি কৰ্তব্য পালনেৰ সময় হিসাব গণনা কৰা হইবে এবং ইহা ছৃষ্টিৰ হিসাব হইতে বিৱোজন কৰা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথা—

(ক) উপ-প্রিবিধান (৬) এর অধীনে মঙ্গুরক্ত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চারি মাসের জন্য পূর্ণ বেতন; এবং

(খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অধৃত-বেতন।

(৮) এই প্রিবিধানের অন্যান্য বিধানসম্মত প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার যথ্যথ কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিণতিতে, অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে, দ্রুটিনাবশত: আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক ঝুঁকি বহিভর্তু অসুস্থতা বা জ্বর বাড়াইয়া তোলার সম্ভাবনা থাকে এইরূপ অসুস্থতা বা জ্বরের দ্রুণ অক্ষম হইয়াছেন।

২৩। সংগরোধ ছুটি।— (১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক ব্যাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্যকর থাকে সেই সময়কাল হইবে সংগরোধ ছুটি।

(২) অফিস প্রধান, কোন চিকিৎসা-কর্মকর্তা বা জনস্বাস্থা কর্মকর্তার সার্টিফিকেটের ভিত্তিতে অন্তর্ভুক্ত ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থার অন্তর্ভুক্ত ৩০ দিনের জন্য সংগরোধ ছুটি মঙ্গুর করিতে পারেন।

(৩) সংগরোধের জন্য উপ-প্রিবিধান (২) এ উক্তিস্থিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই প্রিবিধানমালার অধীনে অন্য কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রিবিধানমালা অন্যায়ী প্রাপ্ত সর্বাধিক ছুটি সাপেক্ষে, প্রয়োজন হইলে অন্যবিধ ছুটির সহিত সংগরোধ ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(৫) সংগরোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অন্তর্ভুক্ত ব্যঙ্গয়া গণ্য করা হইবে না, এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২৪। প্রস্তুতি ছুটি।— (১) কোন কর্মচারীকে পূর্ণ-বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রস্তুত ছুটি মঙ্গুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রস্তুত ছুটি মঙ্গুরীর অন্তরোধ কোন নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সঞ্চারিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনাভাবে কর্মচারীর প্রাপ্ত অন্য যে কোন ছুটির সহিত একত্রে বা উহা প্রসারিত করিয়া মঙ্গুর করা যাইতে পারে।

(৩) অর্থরিটিতে কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জীবনে তাহাকে দ্বিবারের অধিক প্রস্তুত ছুটি মঙ্গুর করা যাইবে না।

২৫। অবসর প্রস্তুতি ছুটি।— (১) কোন কর্মচারী ছয় মাস পর্যন্ত পূর্ণ-বেতনে এবং আরও ছয় মাস অধৃত-বেতনে অবসর প্রস্তুতি ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর প্রথমের তারিখ অতিক্রম করার পরেও সম্প্রসারিত করা যাইতে পারে, কিন্তু আটাম বৎসর বয়স-সৌম্য অতিক্রমের পর উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে এক মাস পৰ্বে অবসর-প্রস্তুতি ছুটির জন্য আবেদন না করলে তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া থাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একদিন পৰ্বে অবসর-প্রস্তুতি ছুটিতে শাফিবেন।

২৬। অধায়ন ছুটি।— (১) অর্থরিটিতে তাহার চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ ব্যক্তিগত, কারিগরী বা অন্তর্গত সমস্যাদি অধায়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য কোন কর্মচারীকে উপযুক্ত কর্তৃপক্ষ অধ্য-বেতনে অনধিক বার মাস অধায়ন ছুটি মঙ্গল করিতে পারে; এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধায়ন ছুটি মঙ্গল করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঙ্গলকৃত ছুটির মোয়াদ তাহার অধায়ন বা প্রশিক্ষণ বা সমীক্ষার জন্য প্রয়োজনীয় মোয়াদ অপেক্ষা কম, সে ক্ষেত্রে সময়ের স্বচ্ছতা প্রাপ্ত করিতে প্রযুক্ত কর্তৃপক্ষ অনধিক এক বৎসরের জন্য উক্ত অধায়ন-ছুটির মোয়াদ বর্ধিত করিতে পারে।

(৩) প্র্যাণ-বেতনে বা অধ্য-বেতনে ছুটি বা বিনাবেতনে অসাধারণ ছুটির সহিত একক্ষে অধায়ন-ছুটি মঙ্গল করা যাইতে পারে, তবে এইরূপ মঙ্গলকৃত ছুটি কোনভাবেই একক্ষে মোট দুই বৎসরের অধিক হইবে না।

২৭। নৈমিত্তিক ছুটি।— সরকার সময়ে সময়ে উভার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট যতদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবে কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৮। ছুটির পদ্ধতি।— (১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব অর্থরিটি কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন অর্থরিটি কর্তৃক নির্ধারিত ফরমে ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন তাহার স্পৃপারিশক্তিমে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঙ্গল করিতে পারে।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন বৈ, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি, আনন্দিত মঙ্গল আবেদন সাপেক্ষে, উক্ত কর্মচারীকে অনধ্যৰ ১৫ দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

২৯। ছুটিকালীন বেতন।— (১) কোন কর্মচারী প্র্যাণ-বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পৰ্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অধ্য-বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পৰ্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অধ্য-বেতনে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

৩০। ছুটি হইতে প্রত্যাবর্তন করালো।— ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা যাইতে পারে এবং তাহাকে অনুমতিপ্রাপ্ত তলব করা হইলে, তিনি যে কর্মসূলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার তারিখ হইতে তাহাকে কর্মসূল বলিয়া গণ্য করা হইবে এবং এতদ্দেশ্যে স্বীকৃত জন্য প্রাপ্তিষ্ঠান ৩২ অনুযায়ী তিনি ভ্রমণ-ভাতা ও অনান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩১। ছুটির নগদায়ন।— (১) যে কর্মচারী অবসর ভাতা, সাধারণ ভৱিষ্যত তহবিল ও অবসরজনিত স্বিধাদি পরিকল্পনা চালু হওয়া সঙ্গেও উগ্র পরিকল্পনার স্বীকৃত গ্রহণের জন্য প্রাপ্তিষ্ঠান ৫২ এর অধীনে ইচ্ছা প্রকাশ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাকুরীকালে প্রতি বৎসরে প্রত্যাখ্যাত বা অভেগকৃত ছুটির ৫০% ভাগ নগদ টাকার রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন; তবে এইরূপ রূপান্তরিত টাকার মোট পরিমাণ তাহার বার মাসের বেতন অপেক্ষা বেশী হওয়া চলিবে না।

(২) সর্বশেষ ম্ল বেতনের ভিত্তিতে উপ-প্রাপ্তিষ্ঠান (১) এ উল্লিখিত ছুটি নগদ টাকার রূপান্তরিত করা যাইবে।

পঞ্চম অধ্যায়

ভ্রমণ ভাতা, ইত্যাদি

৩২। ভ্রমণ ভাতা।— অর্থরিটির কোন কর্মচারী তাহার দায়িত্ব পালনার্থে বা বদলী উপলক্ষে প্রমণকালে যে ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা পাইবেন, উহার পরিমাণ ও সংশ্লিষ্ট বিষয়াদি এতদ্দেশ্যে প্রণীতবা প্রাপ্তিষ্ঠান স্বারী নির্ধারিত হইবে এবং যে পর্যন্ত উক্তরূপে প্রাপ্তিষ্ঠান প্রণীত না হয় সে পর্যন্ত উক্ত বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা বা আদেশ বা নির্দেশ প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

৩৩। সম্মানী, ইত্যাদি।— (১) অর্থরিটি উহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির কোন কর্মসূলের জন্য অথবা বিশেষ দ্বেষাত্মক প্রায়জাতন হয় এমন নব প্রবর্তনম্লক বা গবেষণা বা উন্নয়নম্লক কর্মসূলের জন্য নগদ অর্থ আকারে বা অনাধিকারে সম্মানী বা প্রুম্বকার প্রদান করিতে পারিবে।

(২) এতদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক সম্পরিশক্ত না হইলে উপ-প্রাপ্তিষ্ঠান (১) এর অধীন কোন সম্মানী বা প্রুম্বক মজুর করা হইবে না।

৩৪। দায়িত্বভাতা।— কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অভিযন্ত দায়িত্ব হিসাবে উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে, তাহার ম্ল বেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্ব ভাতা প্রদান করা হইবে।

৩৫। উৎসব ভাতা ও বোনাস।— সরকার কর্তৃক এতদ্দেশ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক অর্থরিটির কর্মচারীগণকে উৎসব ভাতা ও বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায়

চাকুরীর ব্যক্তি

৩৬। চাকুরীর ব্যক্তি।— (১) প্রতোক কর্মচারীর চাকুরীর ব্যক্তি প্রথক প্রথকভাবে রক্ষণাবেক্ষণ করা হইবে এবং উক্ত ব্যক্তি অর্থরিটি কর্তৃক নির্ধারিত চাকুরী বহিতে সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী এতদ্বন্দ্বে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার উপরিচিততে প্রতি বৎসরে একবার তাহার চাকুরী বিহু দেখিতে পারিবেন এবং এইরূপে দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি স্থিতিক ও সম্পর্ক বলিয়া ট্রেডিংথপৰ্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বিহু দেখিবার সময় উহাতে কোন বিষয় ট্রেডিংথপৰ্বক হইয়াছে বা বাদ পড়িয়াছে বলিয়া মনে করেন, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য পনের দিনের মধ্যে বিষয়টি লিপিবদ্ধভাবে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার দণ্ডিগোচর করিবেন, এবং উক্ত কর্মকর্তা চাকুরী বিহুতে প্রয়োজনীয় সংশোধন করিবে।

৩৭। বার্ষিক প্রতিবেদন।— (১) অর্থরিটি ইহার কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে; এবং বিশেষক্ষেত্রে প্রয়োজনবোধে অর্থরিটি ইহার কোন নির্দিষ্ট কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাহিতে পারিবে।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিবরণ গন্তব্য পারিলে উহার কৈফিয়াত প্রদান কিংবা তাহার নিজেকে সংশোধনের সম্ভাগ দেওয়ার জন্য তাহাকে তৎসম্পর্কে অবহিত করা হইবে।

সপ্তম অধ্যায়

সাধারণ আচরণ ও শৃঙ্খলা

৩৮। আচরণ ও শৃঙ্খলা।— (১) প্রত্যেক কর্মচারী—

- (ক) এই প্রিবিধানমালা মানিয়া চালিবেন;
 - (খ) যে বাস্তি বা বাস্তিবেগের এখতিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্মে নিরোধিত রহিয়াছেন তাহার বা তাহাদের স্বারো সহয়ে সময়ে প্রদৰ্শ সকল আদেশ ও নির্দেশ প্রাপ্ত করিবেন এবং মানিয়া চালিবেন; এবং
 - (গ) সততা, নিষ্ঠা ও অধ্যবসায়ের সহিত অর্থরিটির চাকুরী করিবেন।
- (২) কোন কর্মচারী—
- (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশ গ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে চাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং অর্থরিটির স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না;
 - (খ) তাহার অবাবহিত উর্ধ্বতন কর্মকর্তার পৰ্ব অন্তর্ভুক্ত বাতিরেকে দায়িত্বে অনুপস্থিত ধারিবেন না কিংবা চাকুরীসহল তাগ করিবেন না;
 - (গ) অর্থরিটির সহিত লেনদেন বহিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন বাস্তি বা প্রতিষ্ঠানের নির্বাচন হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না;
 - (ঘ) কোন বৈয়া কোম্পানীর একটি হিসাবে কাজ করিবেন না;
 - (ঙ) কোন বাবসায়ের কাজে নির্যোজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন বাবসা পরিচালনা করিবেন না;

(৫) উপর্যুক্ত কর্তৃপক্ষের প্র্ব অন্মোদন ব্যাডরেকে, বাহিরের কোন আবেতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না ; এবং

(৬) সরকার বা উপর্যুক্ত কর্তৃপক্ষের অন্মোধ বাতীত কোন খণ্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।

(৭) কোন কর্মচারী অর্থারিটির নিকট বা উহার কোন সদস্যের (Member) নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না, কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অবাবহিত উদ্ধৃত কর্মকর্তাৰ মাধ্যমে পেশ করিতে হইবে।

(৮) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীৰ সমর্থনে অর্থারিটি বা উহার কোন কর্মকর্তাৰ উপর রাজনৈতিক বা অন্মাবিধ প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৯) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে ইস্তক্ষেপ কৰার জন্য সরাসৰি কোন ঘন্টী বা সংসদ সদস্য বা অন্য কোন বেসরকারী বা সরকারী বাস্তুৰ শরণাপন্ন হইবেন না।

(১০) কোন কর্মচারী অর্থারিটি এর বিষয়াদি সম্পর্কে উপর্যুক্ত কর্তৃপক্ষের প্র্ব অন্মূলিত ব্যক্তীত সংখাদপ্ত বা অন্য কোন গণ-মাধ্যমের সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না।

(১১) প্রত্যেক কর্মচারী অভাসগত বণ্ণস্ততা পরিহার করিবেন।

৩৯। দম্ভের ডিস্ট্ৰিভিউ—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী :—

(ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন, অথবা

(খ) অসদাচরণের দায়ে দোষী হন, অথবা

(গ) পলায়নের দায়ে দোষী হন, অথবা

(ঘ) অদম্ভ হন, অথবা দম্ভতা হারাইয়া ফেলেন, অথবা

(ঙ) নিম্নবর্ণিত কারণে দূন্তীতিপৰায়ণ হন বা ব্যক্তিসংগতভাবে দূন্তীতিপৰায়ণ বলিল বিবেচিত হন, যথা :—

(অ) তিনি বা তাহার কোন পোষা বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়োজ উৎসের সহিত অসংগতিপূর্ণ অথ সম্পর্ক বা সম্পর্ক দখলে রাখেন যাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন, অথবা

(আ) তাহার প্রকাশ্য আয়োজ সংগে সংগ্রাম রাখা না করিবা জীবনযাপন করেন, অথবা

(৮) চুরি, আত্মসাধ, তহবিল তস্রফ বা প্রতারণার দায়ে দোষী হন, অথবা

(ছ) অর্থারিটি বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতাম্বলক কোন কার্যে লিপ্ত হন, বা অন্তর্গত কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সদেহ কৰার ব্যক্তিসংগত কারণ থাকে, অথবা এইরূপ 'অন্যান্য ব্যক্তিদের সহিত সংঘিষ্ঠিত' রহিয়াছেন বলিয়া সদেহ কৰার ব্যক্তিসংগত কারণ থাকে যে উক্ত অন্যান্য ব্যক্তিগত অর্থারিটি বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতাম্বলক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং সেই কারণে তাহাকে চাকুরীতে রাখা সমীচীন নহে বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আবৃগ করিতে পারে।

৮০। সংক্ষিপ্ত।—(১) এই প্রবিধানের অধীনে নিম্নরূপ সংডঙ্গম আরোপযোগ্য হইবে, মথাঃ—

(ক) নিম্নরূপ লঘু দণ্ড, যথাঃ—

(অ) তিরস্কার;

(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন-বর্ধন স্হিগত রাখা; বা

(ই) অন্ধাৎ ৭ দিনের ম্লবেতনের সম্পরিমাণ টাকা কর্তন।

(খ) নিম্নরূপ গুরুদণ্ড, যথাঃ—

(অ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নলিখিতে অবনতকরণ;

(আ) কর্মচারীক কর্তৃক সংষ্টিত অর্থারিটি এর আর্থিক ক্ষতির অংশবিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;

(ই) চাকুরী হইতে অপসারণ; এবং

(ঈ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) কোন কর্মচারী চাকুরী হইতে অপসারিত হওয়ার ক্ষেত্রে নহে বরং চাকুরী হইতে বরখাস্ত হওয়ার ক্ষেত্রে, ভবিষ্যতে অর্থারিটির চাকুরীতে নিযুক্ত হওয়ার অবোগ্য বালিয়া গণ্য হইবে।

৮১। ধর্মসাধক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) প্রবিধান ৩৯ (ছ)-এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা স্থচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

(ক) সংশ্লিষ্ট কর্মচারীকে সিদ্ধিত আদেশ স্বারা উক্ত আদেশে উচিজ্ঞিত তারিখ হইতে তাহার প্রাপ্য কোন প্রকার ছন্দটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন;

(খ) সিদ্ধিত আদেশ স্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করে সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত করিবেন; এবং

(গ) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কর্মিটির নিকট উক্ত কর্মচারীর বিরুদ্ধে প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে ষড়ক্ষিণগত ব্যোগ প্রদান করিবেনঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে কর্তৃপক্ষ এই মন্ত্র সন্তুষ্ট হয় যে, অর্থারিটি বা জাতীয় নিরাপত্তার স্বার্থে তাহার অন্তর্গত অন্ধাৎ অন্ধাৎ প্রদান সমীচীন নহে, সেক্ষেত্রে তাহাকে অন্তর্গত কোন সূযোগ প্রদান করা হইবে না।

(২) এই প্রবিধানের অধীন কোন কার্য ধারায় তদন্ত সম্পন্ন করিবার জন্য কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মচারীর পদ-মর্যাদার নিম্নে নহেন এমন তিনজন কর্মচারীর সম্বয়ে একটি তদন্ত কর্মিটি গঠন করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কর্মিটি অভিযোগের তদন্ত করিয়া কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেৱে উপর্যুক্ত বালিয়া ঘনে করিবে সেইৱে আদেশ প্রদান কৰিবে।

৪২। লঞ্চল্যন্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।— (১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্ম-চারীর বিরুদ্ধে কাথ ধারা স্চনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি এইরূপে অভিমত পোষণ করে যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরম্বকার অপেক্ষা কঠোরতর কোন দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ—

- (ক) অভিযুক্ত বাস্তির বিরুদ্ধে আনন্দিৎ অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবে, এবং অভিযুক্ত বাস্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির সাতটি কার্য দিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি বাস্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য তাহাকে নির্দেশ প্রদান করিবে; এবং
- (খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত বাস্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং তিনি যদি বাস্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে বাস্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা, নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারে যাহাতে অভিযুক্ত বাস্তিকে লিখিতভাবে অভিযোগ সম্পর্কে অবহিত করার তারিখ হইতে বিশিষ্ট কার্য-দিবসের মধ্যে সমগ্র কার্যক্রম সমাপ্ত হৈব।

তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট সময় অভিবাহিত হওয়ার পূর্বে অভিযুক্ত বাস্তি যদি অতিরিক্ত সময়ের জন্য আবেদন করেন, তবে কর্তৃপক্ষ, যথাযথ মনে করিলে, কৈফিয়ত পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত সময় ব্যাখ্যর অনুমতি প্রদান করিতে পারিবেন।

আরও শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত বাস্তির পদমর্যাদার নীচে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে; এবং এইরূপ নিয়োগের ক্ষেত্রে, এই প্রবিধানের অধীন অনুমোদনযোগ্য সময়ের মধ্যে তদন্ত সম্পর্ক করার জন্য উক্ত কর্মকর্তাকে নির্দেশ দিবেন; কিন্তু তদন্তকারী কর্মকর্তা যদি নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত সম্পর্ক করিতে না পারেন তবে তিনি তদন্তের আদেশ প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে সময় ব্যাখ্যর জন্য অনুরোধ করিবেন এবং অদেশ প্রদানকারী কর্তৃপক্ষ, অনুরোধটি বিবেচনার পর যথাযথ মনে করিলে, অতিরিক্ত পনেরটি কার্যদিবসের জন্য উক্ত সময় ব্যাখ্য মঞ্জুর করিতে পারিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পনেরটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন অথবা, প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন এবং এইরূপ আদেশ প্রদান করা হইলে, তদন্তকারী কর্মকর্তা উক্ত আদেশের তারিখ হইতে পনেরটি কার্যদিবসের মধ্যে এইরূপ তদন্ত সমাপ্ত করিবেন।

